

সভা নং-০১

ফাইল নং	ডকেট নং	তার ২২/১১/১৯
সিএ/উ.স./সহকারী/সাটিঃ সহকারী		
সিএ/উ.স./সহকারী/সাটিঃ সহকারী		
স্থানঃ উপজেলা সমবায় অফিসারের কার্যালয়		
পেশ করুন/সংরক্ষণ/সংরক্ষণ		
তারিখঃ ২৬/০৫/২০২২		
সময়ঃ বেলা ১১.০০ টা।		
উপজেলা নির্বাহী অফিসার		

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোছাঃ নাজনীন নাহার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চৌগাছা, যশোর।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষরঃ


ক্রঃ নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ নাজনীন নাহার মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব দেবশীষ মিশ্র জয় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব রিয়াসাত ইমতিয়াজ উপজেলা প্রকৌশলী, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মেহেদী মাসুদ চৌধুরী চেয়ারম্যান, ১নং ফুলসরা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আবুল কাশেম চেয়ারম্যান, ৫নং চৌগাছা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ মমিনুর রহমান চেয়ারম্যান, ৪নং ধুলিয়ানী ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ অহিদুর রহমান উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।	সদস্য-সচিব	স্বাক্ষরিত

অধ্যকার উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটির সভা মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয় অধ্যকার আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। এরপর সদস্য সচিব সাহেব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

আলোচ্য সূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান সংক্রান্তঃ	সভায় সদস্য সচিব সাহেব জানান যে, সমগ্র চৌগাছা উপজেলায় প্রায় ২০,০০০ হাজার জন সমবায়ী রয়েছেন। বর্তমান সরকার সমবায়ীদের জীবনমান উন্নয়নের জন্য অতীব গুরুত্বারোপ করেছেন। আর তাঁদের জীবনমান উন্নয়নের জন্য প্রয়োজন বিভিন্ন টেক্সটাইলিক প্রশিক্ষণ, যেমন- সেলাই প্রশিক্ষণ, ব্লক বাটিক, মাশরুম চাষ, আধুনিক বিজ্ঞানসম্মত পদ্ধতিতে ছাগল পালন, মৌ চাষ ইত্যাদি। সেই জন্য সদস্য সচিব সাহেব ২০২১-২০২২ অর্থ বর্ষে চৌগাছা উপজেলায় ৮(আট)টি ব্যাচে ২৫(পঁচিশ) জন করে সর্বমোট ২০০(দুইশত) জন সমবায়ীর প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তাব প্রদান করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ সিদ্ধান্তঃ ২০২১-২০২২ অর্থ বর্ষে চৌগাছা উপজেলায় ৮(আট)টি ব্যাচে ২৫(পঁচিশ) জন করে সর্বমোট ২০০(দুইশত) জন সমবায়ীর প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এবং এ	উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।

সংক্রান্ত প্রশিক্ষণ প্রকল্প তৈরিপূর্বক দাখিল করার জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদান করা হয়।	
--	--

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ অহিদুর রহমান)

সদস্য সচিব

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা সমবায় অফিসার

চৌগাছা, যশোর।